

তারিখ: ২৬/১১/১৪৬২  
০৬/০৬/২০১৬

নং- ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৩.২২/১৭৬৬

**বিষয়: মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানগণের জন্য আয়োজিত ১৩৭ তম 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণ প্রশিক্ষণার্থী মনোনয়ন**

- মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানগণের জন (সরকারি-বেসরকারি) ১৩৭তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স আগামী ৩১.০৩.২০২৬ থেকে ২০.০৪.২৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তীর অফলের আওতাধীন মাধ্যমিক পর্যায়ে (মাদ্রাসা ব্যতীত) প্রধান শিক্ষক মনোনয়ন দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। কোর্সের জন্য মনোনয়নপ্রাপ্ত প্রশিক্ষণার্থীগণ আগামী ৩১.০৩.২০২৬ খ্রি. তারিখ সকাল ৮:৩০ মিনিটে প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে উপস্থিত থাকবেন। প্রশিক্ষণার্থী মনোনয়ন দেওয়ার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তীর দৃষ্টি আকর্ষণ করছি:
১. প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের নির্ধারিত সার্ভিস চার্জ পরিশোধপূর্বক হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে। ঢাকার বাইরের প্রশিক্ষণার্থীগণ কোর্স শুরুর আগের দিন থেকে আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করতে পারবেন।
  ২. প্রশিক্ষণ কেন্দ্রে থাকা, খাওয়া ও শিক্ষা সফরের ব্যয় নির্বাহের জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থী কমপক্ষে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা এবং আনুষ্ঠানিক ব্যয় সাথে আনবেন।
  ৩. মনোনীত শিক্ষক কোর্স শুরুর অন্তত: ০৩ (তিন) দিন পূর্বে নায়েম ওয়েবসাইট [www.naem.gov.bd](http://www.naem.gov.bd)-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেনুর অন-লাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন।
  ৪. প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
  ৫. বেসরকারি প্রতিষ্ঠানের প্রধানগণকে তাদের প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতির নিকট থেকে বর্তমান মূলবেতন উল্লেখ করে অংশগ্রহণের অনুমতিপত্র এবং এমপিও এর অনুলিপি সঙ্গে আনতে হবে। যেসকল প্রতিষ্ঠান প্রধান এখনও এমপিওভুক্ত হননি তারা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
  ৬. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ লিখিতভাবে অবহিতকরণ ব্যতীত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
  ৭. মনোনীত প্রতিষ্ঠান প্রধান যৌর বয়স ৫৭ বৎসর অতিক্রম করেছে, তীর এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
  ৮. যিনি পূর্বে কখনও এই প্রশিক্ষণ গ্রহণ করেননি তিনি অগ্রাধিকার পাবেন। যিনি বিগত তিন বছরের মধ্যে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তীর এ প্রশিক্ষণে অংশগ্রহণের প্রয়োজন নেই।
  ৯. প্রশিক্ষণ সম্পর্কিত কোনো বিষয়ে জানার প্রয়োজন হলে এ কোর্সের কোর্স সমন্বয়ক জনাব মো: রবিউল আউয়াল, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম এর সেল নম্বর ০১৭১২৬৩৩৭৮০ এবং ই-মেইল: [awalrabiulais@gmail.com](mailto:awalrabiulais@gmail.com) -এবং কোর্স সমন্বয়ক অথবা তৌহিদ হাসান, টিচার ট্রেনার, নায়েম এর সেল নম্বর ০১৭১২৬৩৩৭৮০- এবং ই-মেইল: [ttouhid.naem@gmail.com](mailto:ttouhid.naem@gmail.com) এ যোগাযোগ করা যেতে পারে। উক্ত ই-মেইলে আগামী ১২.০৩.২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রার্থীদের মনোনয়ন পত্র প্রেরণের মাধ্যমে অংশগ্রহণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
  ১০. আমন্ত্রণপত্র, প্রশিক্ষণার্থীগণের তালিকা, ব্যাংক হিসাবের তথ্য ছক এবং প্রতিষ্ঠানের উত্তম চর্চার কাঠামো ছক নায়েম ওয়েবসাইট ([www.naem.gov.bd](http://www.naem.gov.bd))-এ পাওয়া যাবে।

(প্রফেসর ড. ওয়াসীম হোসেন সিকদার হক)  
মহাপরিচালক

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
ধানমন্ডি, ঢাকা-১২০৫  
ফোন: ৫৫১৬৭৫২৯  
e-mail: [info@naem.gov.com](mailto:info@naem.gov.com)

প্রাপক: পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল .....

নং- ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৩.২২/

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
৩. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা: ৫।
- সকল হোস্টেল সুপারিনটেন্ডেন্ট শহীদ বুদ্ধিজীবী/সুক্তিযোদ্ধা/অমর একুশে/সোনার বাংলা/শহীদ জননী, নায়েম, ঢাকা:
৬. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীর তালিকা ও আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো);
৭. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
৯. অফিস নথি।

(তৌহিদ হাসান)  
টিচার ট্রেনার, নায়েম ও কোর্স সমন্বয়ক  
সেল: ০১৭১২৬৩৩৭৮০